# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২২৪

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَاب جَامع المناقب)

আরবী

وَعَنْ أَبِي أُسَيْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «خَيْرُ دُورِ الْأَنْصَارِ بَنُو النَّجَّارِ ثُمَّ بَنُو عَبْدِ الْأَشْهَلِ ثُمَّ بَنُو الْحَارِثِ بْنِ الْخَزْرَجِ ثُمَّ بَنُو سَاعِدَةَ وَفِى كُلِّ دُورِ الْأَنْصَارِ خَيْرٌ» . مُتَّفَقٌ عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (3789) و مسلم (177 / 2511)، (6421) ۔
(مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৬২২৪-[২৯] আবূ উসায়দ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন, আনসার গোত্রসমূহের মাঝে উত্তম হলো বানূ নাজ্জার, তারপর বানূ ’আবূদ আল আশহাল, তারপর বানূ হারিস ইবনুল খাযরাজ এবং অতঃপর বানূ সাইদাহ্। মূলত আনসারদের প্রতিটি পরিবাবেরই কল্যাণ রয়েছে। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৭৮৯, মুসলিম ১৭৭-(২৫১১), তিরমিযী ৩৯১১, সহীহুল জামি ২৬০২, মা'রিফাতুস সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৪২১৬, মুসনাদে আহমাদ ১৬০৯৪, মুসান্নাফ আবদুর রযযাক ১৯৯১০, মুসনাদে আবদ ইবনু মুসনাদে ‘আদ ইবনু হুমায়দ ১৪০০, মুসনাদুল হুমায়দী ১১৯৭, মুসনাদে আবূ ইয়া'লা ৩৬৫০, সহীহ ইবনু হিব্বান ৪৫০৩, আস সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮৩৩৮, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৫৯, আল মুসতাদরাক লিল হাকিম ৬১৯৪, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩৪৮৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসের বিভিন্ন আনসার গোত্রের এলাকার শ্রেষ্ঠত্ব বর্ণনা করা হয়েছে। আর সর্বশেষে বলা হয়েছে যে, সব আনসার গোত্রের এলাকার মাঝেই কল্যাণ রয়েছে। এটি বলা হয়েছে মদীনার অন্যান্য গোত্রের এলাকার বিবেচনায়।
ইমাম নবাবী (রহিমাহুল্লাহ) বলেন, আনসারদের সর্বোত্তম এলাকা হলো, যে এলাকার আনসার গোত্র সর্বোত্তম। সে সময় প্রতিটি ক্ষেত্রে একেকটি এলাকায় বসবাস করত। আর যে এলাকায় যে গোত্র বসবাস করত, সেই এলাকাই সেই গোত্রের নামেই ডাকা হত। এজন্যই বিভিন্ন হাদীসে এলাকার নাম বাদ দিয়ে শুধু গোত্রের নাম উল্লেখ করা হয়েছে। তাদের মাঝে শ্রেষ্ঠত্বের বিবেচনা করা হত আগে ইসলাম গ্রহণ করার দিক দিয়ে এবং ইসলামে তাদের অবদানের দিক দিয়ে।  উক্ত হাদীস থেকে এটিও প্রমাণ পাওয়া যায় যে, বিশেষ বিবেচনায় বিশেষ কোন গোত্রকে শ্রেষ্ঠ হিসেবে উল্লেখ করা বৈধ আছে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি ￼ বর্ণনাকারীঃ আবূ উসাইদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86200

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন